

জরুরি কিট তৈরি করুন - স্ক্যাভেঞ্জার হান্ট

ভূমিকা: জরুরি অবস্থার প্রস্তুতির জন্য আপনি যে প্রধান কাজগুলো করতে পারেন তার মধ্যে একটি হল জরুরি সরবরাহের কিট (kit) তৈরি করে রাখা। আপনি আপনার বাড়িতে, স্কুলে, গাড়িতে বা কাজের জায়গায় রাখার জন্যও কিট তৈরি করতে পারেন, অথবা দ্রুত কোনো জায়গা থেকে সরে যেতে হলে তখন সাথে নেওয়ার মতো ছোটখাট একটি কিটও তৈরি করতে পারেন। কিটে কী কী রাখা যেতে পারে তা এই অনুশীলন করার মাধ্যমে আপনি জানতে পারবেন।

জরুরি পরিকল্পনা কার্যক্রম

সময়

৩০ মিনিট

জটিলতা

সহজ

সরঞ্জাম

কলম, কাগজ, জরুরি
কিটের জন্য উপকরণ

ধাপ ১

- পুরো ক্লাসকে দুটি দলে ভাগ করুন। একটি দল জিনিসপত্র লুকিয়ে রাখবে এবং অন্য দল তাদের জরুরি কিটে রাখার জন্য সেগুলো খুঁজে বের করবে। খোঁজাখুঁজি শেষে দলগুলো নিজেদের ভূমিকা অদলবদল করে নেবে।

ধাপ ২

- জরুরি কিটের জন্য প্রয়োজনীয় সব উপকরণ সংগ্রহ করুন, যেন প্রথম দল সেগুলোকে শ্রেণীকক্ষ জুড়ে বা স্কুল ভবনের আশেপাশে লুকিয়ে রাখতে পারে।
 - যেসব জিনিস লুকিয়ে রাখা হবে সেগুলোর মধ্যে জরুরি কিটের জন্য প্রয়োজনীয় উপকরণের পাশাপাশি এমন কিছু অকেজো জিনিসও রাখা উচিত যা দ্রুত কোথাও যাওয়ার ক্ষেত্রে কাজে আসবে না। এতে সবকিছু উপকরণ খুঁজে পাওয়া এবং জেতা আরও কঠিন হবে।

ধাপ ৩

- লুকানো জিনিসগুলোর তালিকা তৈরি করুন। কোনগুলো জরুরি আর কোনগুলো অনাবশ্যিক তা নির্ধারণ করুন। খোঁজার সময় জরুরি কিটের জন্য প্রয়োজনীয় প্রতিটি উপকরণের জন্য ৩ পয়েন্ট করে আর অনাবশ্যিক প্রতিটি জিনিসের জন্য ১ পয়েন্ট করে পাওয়া যাবে।

ধাপ ৪

- দ্বিতীয় দলটিকে লুকানো জিনিসের তালিকাটি দিয়ে সেগুলো খুঁজে বের করার জন্য পাঁচ মিনিট সময় দিন। পাঁচ মিনিটের জন্য টাইমার সেট করুন। খেলা শেষে যে দল সবচেয়ে বেশি পয়েন্ট পাবে তারাই জিতবে।



জরুরি কিট তৈরি করুন - স্ক্যাভেঞ্জার হান্ট

প্রয়োজনীয় জিনিসের নমুনা	অনাবশ্যিক জিনিসের নমুনা
মোবাইল ফোনের চার্জার	মেকআপ
পানির বোতল	শ্যাম্পু
এলাকার মানচিত্র	বাদ্যযন্ত্র
হ্যান্ড স্যানিটাইজার	ফুল
টর্চলাইট	চকলেট
প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম	ঝাড়ু
রেডিও	ছবি
কম্বল	খেলনা পুতুল
ভুইসেল	বাথরোব
বহুমুখী হাতিয়ার/যন্ত্র	বই

